শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেকেন্ডারি এডুকেশান ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)
প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

০২/০৮/১৯

স্মারক: এসইডিপি/পিসিইউ/কোয়ালিটি/ডিআরএইচ/০১/২০১৮/০২ তারিখ: ১০ ডিসেম্বর ২০১৮ ।

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন Secondary Education Development Program (SEDP)'র অধীনে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন।

সূত্র: স্মারক নং ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০১.১৮.৪১০, তারিখঃ ০৪/১২/২০১৮ ।

উপর্যুক্ত বিষয়ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন Secondary Education Development Program (SEDP) গত ৩১ অক্টোবর ২০১৮ তারিখ থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। এসইডিপি'র প্রোগ্রাম ডকুমেন্টে Secondary Education Sector Road Mapএর sub–result Area 1.4: Strengthened reading habit and reading skills among secondary level students অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি এসইডিপি-এর মাধ্যমে বাস্তবায়নের সংস্থান রয়েছে।

২। SEDP'র Program Document অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনে সমাপ্ত সেকায়েপ প্রকল্পের আওতাভুক্ত ২৫০ উপজেলায় পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার-সংস্থান রয়েছে এবং ২০১৮-২০১৯ অর্থ বছর থেকে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত থাকবে।

৩। এমতাবস্থায়, সমাপ্ত সেকায়েপ প্রকল্পের আওতাভুক্ত ২৫০ উপজেলায় পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির কার্যক্রম ২০১৮-২০১৯ অর্থ বছর থেকে বাস্তবায়নের বিষয়টি মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১০/১২/১৮

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
ও
প্রোগ্রাম কো-অর্ডিনেটর
এসইডিপি, পিসিইউ,
শিক্ষা ভবন, ঢাকা।
ফোন: ০২-৯৫৫৫১৩৭

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা :......................, জেলা : ...................... ।

স্মারক: এসইডিপি/পিসিইউ/কোয়ালিটি/ডিআরএইচ/০১/২০১৮/০২ তারিখ: ১০ ডিসেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. এনপিসি, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. জেলা শিক্ষা অফিসার, জেলা : ............................ ।
৭. পিএটু প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ-এসইডিপি, শিক্ষা ভবন, ঢাকা।
৮. সংরক্ষণ নথি।

১০/১২/১৮

মো: আসাদুজ্জামান
পরিসংখ্যানবিদ
এসইডিপি, পিসিইউ
শিক্ষা ভবন, ঢাকা।
ফোন: ০২-৯৫৬১১২৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

''শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ''

স্মারক নং: ওএম-০১-ম/২০১৫- ১৬৬৪/১০ তারিখ: ১০/০৪/২০১৯ খ্রি:

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এসইডিপি, পিসিইউ, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। সভাপতি, বিশ্ব সাহিত্য কেন্দ্র, ১৭ ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা-১০০০।
০৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৫। সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি সংলগ্নিসহ মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। জেলা শিক্ষা অফিসার, (সকল) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, (সংশ্লিষ্ট) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, (সংশ্লিষ্ট) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৯। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০। সংরক্ষণ নথি।

( দুর্গা রানী সিকদার )
সহকারী পরিচালক (মাধ্য.-২)
ফোন: ৪১০৫০১১৮

Ad - মাধ্যমিক -2
02/04/19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০১.১৮.৪১০ তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৫
০৪ ডিসেম্বর ২০১৮

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন Secondary Education Development Program (SEDP) এর অধীনে পাঠাভ্যাস কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন Secondary Education Development Program (SEDP) গত ৩১/১০/২০১৮ তারিখ থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। এসইডিপি'র এর প্রোগ্রাম ডকুমেন্ট এর Secondary Education Sector Road Map এর Sub-result Area 1.4: Strengthened reading habit skills among secondary level students অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের Developing Reading Habit (DRH) প্রোগ্রামটি রিভিউ ও শক্তিশালীকরণের জন্য এসইডিপি-তে সংস্থান রয়েছে।

০২। এমতাবস্থায়, এসইডিপি'র প্রোগ্রাম ডকুমেন্ট অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনে বাস্তবায়িত Secondary Education Quality Access and Enhancement Project (SEQAEP) এর আওতায় চালুকৃত মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে পাঠাভ্যাস কার্যক্রম ২০১৮-২০১৯ অর্থবছর থেকে বজায় রাখার জন্য মাঠ পর্যায়ের সকল প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৪-১২-২০১৮
নাসরীন মুক্তি
উপসচিব

প্রোগ্রাম কো-অর্ডিনেটর Secondary Education Development Program (SEDP) ও
অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০১.১৮.৪১০/১(৭) তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৫
০৪ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব (উন্নয়ন/মাধ্যমিক-১/মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৪) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫) যুগ্ম প্রধান (পরিকল্পনা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৬) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৭) অফিস, মাস্টার কপি

Bishwo Shahitto Kendro (BSK)
www.bskbd.org | kendro.nep@gmail.com
[World Literature Center]
17 Mymensingh Road, Banglamotor, Dhaka-1000. Phone: 9660812, 58612374

পত্র নং-বিসাকে/পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি/১৩৩৪/২০১৯ তারিখ: ২০ মার্চ ২০১৯

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ঢাকা

**বিষয়: ২০১৯ শিক্ষা বছরে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে মাঠ পর্যায়ে সমর্থন ও সহযোগিতা।**

*সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০১.১৮.৪১০; তারিখ: ০৪/১২/২০১৮*

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের মানসিক উৎকর্ষ সাধন ও সৃজনশীল প্রতিভা বিকাশে পাঠ্যসূচী বহির্ভূত বই পড়ার গুরুত্ব বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে সেকায়েপ এর আওতায় 'পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি' চালু করা হয়। ২০১০-২০১৭ মেয়াদে ২৫০ উপজেলায় এই কর্মসূচি অত্যন্ত সফলভাবে বাস্তবায়িত হয়েছে। পরবর্তীতে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির গুরুত্ব বিবেচনা করে দেশের সকল উপজেলায় বাস্তবায়নের লক্ষ্যে এ কার্যক্রমটি SEDP-তে Result Area 1.4 এ অন্তর্ভূক্ত করা হয়েছে।

সেকায়েপ এর আওতায় পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে বিশ্বসাহিত্য কেন্দ্র সমন্বয়, উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ, তদারকি ও পর্যবেক্ষণসহ সামগ্রিক তত্ত্বাবধানের দায়িত্ব পালন করেছে। সেকায়েপ থেকে প্রতিষ্ঠান পর্যায়ে প্রদত্ত ৩৫.৬৭ লক্ষ বইয়ের সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করতে এবং শিক্ষার মানোন্নয়নে সৃজনশীল বইপড়ার প্রতি শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানে সৃষ্ট উদ্দীপনা ধরে রাখতে নিরবিচ্ছিন্নভাবে এ কার্যক্রম অব্যাহত রাখার আবশ্যকতা দেখা দেয়। ২০১৭ সালের ডিসেম্বরে সেকায়েপ এর মেয়াদ সমাপ্তির পরও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অব্যাহত সমর্থন ও সহযোগিতায় বিশ্বসাহিত্য কেন্দ্রের পক্ষ থেকে ২০১৮ শিক্ষাবছরে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি চালু রাখা হয়।

আপনার দপ্তরের নির্দেশনা মোতাবেক সেকায়েপভূক্ত ২৫০টি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর মাধ্যমে মাঠ পর্যায়ে যাচাইপূর্বক প্রাপ্ত প্রতিবেদন অনুসারে ২০১৮ শিক্ষাবছরে ২৫০টি উপজেলায় ১১,৮৮৬টি শিক্ষা প্রতিষ্ঠানে ২০,৮৮,৭১৫ জন শিক্ষার্থী বইপড়া কার্যক্রমে অংশগ্রহণ করছে। SEDP-র অধীনে যথাযথভাবে নতুন কর্মসূচি চালুর পূর্ব পর্যন্ত ২০১৯ শিক্ষা বছরেও এই কর্মসূচি চালু রাখা প্রয়োজন। সুত্রে উল্লিখিত স্মারকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পক্ষ থেকেও সেকায়েপ এর আওতায় চালুকৃত মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি ২০১৮-২০১৯ অর্থবছর থেকে বজায় রাখাতে মাঠ পর্যায়ে সকল প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জ্ঞাপন করা হয়েছে (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়াদি বিবেচনায় বিশ্বসাহিত্য কেন্দ্রের সীমিত জনবল নিয়ে ২০১৯ শিক্ষা বছরেও সেকায়েপভূক্ত উপজেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি অব্যাহত রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই উদ্যোগ সফল বাস্তবায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাঠ পর্যায়ে শিক্ষা বিভাগীয় কর্মকর্তাদের আন্তরিক সমর্থন ও সহযোগিতা একান্ত প্রয়োজন। এ বিষয়ে মাঠ পর্যায়ে আন্তরিক সমর্থন ও সহযোগিতা প্রদানের জন্য আপনার দপ্তরের পক্ষ থেকে সদয় নির্দেশনা দানের অনুরোধ জানাচ্ছি।

বিশ্বসাহিত্য কেন্দ্রের নানামূখী সৃজনশীল কার্যক্রম বাস্তবায়নে আপনার ও আপনার সহকর্মীদের অব্যাহত আন্তরিক সহযোগিতার জন্য আমরা ঐকান্তিকভাবে কৃতজ্ঞ।

শ্রদ্ধান্তে,

আবদুল্লাহ আবু সায়ীদ
সভাপতি